ঝিনাইদহের বিষয়খালীতে ঈদে মিলাদুনবী (সা.) উপলক্ষে আলোচনা ও মিলাদ মাহফিল

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী বাজার পুরাতন জামে মসজিদে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪৪ হিজরী উদযাপন উপলক্ষে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় হযরত মুহাম্মদ (সা.) শীর্ষক আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বাদ মাগরিব বিষয়খালী বাজার পুরাতন জামে মসজিদে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মসজিদ কমিটির সভাপতি আমির আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা ডাঃ মোহাম্মদ হাবিবুর রহমান।

বিষয়খালী বাজার পুরাতন জামে মসজিদের উদ্যোগে অনুষ্ঠিত আলোচনা সভায় মহারাজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মসজিদ কমিটির প্রধান উপদেষ্টা খুরশিদ আলম মিঞা, জামাতে ইসলামি বাংলাদেশের মহারাজপুর ইউনিয়ন আমির মাওলানা আহম্মদ আলী, ইউপি সদস্য আতিকুর রহমান আতিক, মসজিদ কমিটির সহ-সভাপতি সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক সলেমান সরদার, উপদেষ্টা আব্দুল জলিল, কোষাধ্যক্ষ ইব্রাহিম মিয়া, সদস্য ও মিঞা অটো রাইস মিলের সত্বাধিকারী সাজেদুল ইসলাম সাজু, সদস্য ও সাংবাদিক বসির আহাম্মেদ, সদস্য সুজন মিয়া, নাছির উদ্দিন, মনোয়ার সরদার, মোস্তফা মালিতা, মসজিদে ইমাম হাফেজ মাওলানা ওহিদুল ইসলাম, উত্তর পাড়া জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা মুকুল হোসেন, ব্যবসায়ী দবির আলী উপস্থিত ছিলেন।

মাওলানা ডাঃ হাবিবুর রহমান আরো বলেন, হযরত মুহাম্মদ (সা.) তাঁর রেখে যাওয়া আদর্শ মেনে চলা যায় তাহলে আমাদের মানব জীবন পরিপূর্ণ হবে। সম্প্রতি ভারতীয় পুরোহিত কর্তৃক হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে অবমাননাকর কটুক্তি ও ধর্মীয় অনুভুতিতে আঘাতে বিজেপি নেতার সমর্থনের প্রতিবাদে নিন্দা প্রকাশ করেন। একই সাথে এসব ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের দ্রুত আইনের আওতায় নিয়ে আসার আহবান জানান।